



জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশ

স্মারক নং-জাতীয় বিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/২০১০/(৩১৩৬)/৫৭৭১

তারিখ : ১৪/০৮/২০২৪

২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি :

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার শিক্ষার্থীদের আবেদন ফরম পূরণ, ডাটা এন্ট্রি নিশ্চয়ন ও সোনালী সেবার মাধ্যমে টাকা জমাদানের শেষ তারিখ ২২/০৭/২০২৪ ছিল। যে সকল পরীক্ষার্থী নির্ধারিত সময়ে ফরম পূরণ করতে পারেননি তাদের জন্য কলেজের অধ্যক্ষের সুপারিশের প্রেক্ষিতে ২,০০০/= (দুই হাজার) টাকা বিলম্ব ফি-সহ নিম্নলিখিত ছক মোতাবেক ফরম পূরণ, নিশ্চয়ন ও ইনকোর্স নম্বর এন্ট্রি দেয়ার তারিখ নির্ধারণ করা হলো :-

আবেদন ফরম, বিবরণী ফরম পূরণ, ডাটা এন্ট্রি ও নিশ্চয়নের তারিখ	সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দেয়ার তারিখ (সকাল ১০.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত)
১৮/০৮/২০২৪ তারিখ হতে	২৮/০৮/২০২৪ তারিখ হতে
২৭/০৮/২০২৪ তারিখ পর্যন্ত	২৯/০৮/২০২৪ তারিখ পর্যন্ত

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৩ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না। কোন শিক্ষার্থী ফরম পূরণ/পরীক্ষায় অংশগ্রহণ/অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নেই।

বিঃ দ্রঃ স্মারক নং-জাতীয় বিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/২০১০/৩১৩৬/৫৭৫৭, তারিখ : ১৩/০৫/২০২৪ এ প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য নিয়ম ও শর্তাবলী অপরিবর্তিত থাকবে। যে সকল কলেজ ইতোপূর্বে ডাটা এন্ট্রি নিশ্চয়ন ও সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিতে পারেননি, তারা আগামী ১৮/০৮/২০২৪ হতে ২২/০৮/২০২৪ তারিখের মধ্যে টাকা জমা দিতে পারবেন।

উল্লেখ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা সংক্রান্ত অথবা যে কোন তথ্যের জন্য (www.nu.ac.bd) ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তি ব্যতিত অন্য কোনো সূত্র থেকে প্রাপ্ত তথ্য অনুসরণ না করার জন্য অনুরোধ করা হলো।

বিঃ দ্রঃ সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিতে সমস্যা হলে মোঃ হুমায়ুন কবীর, সিস্টেম এনালিস্ট, মোবাইল নং- ০১৭১০৩৭৭৬৬ তে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো। Website : <http://ems.nu.ac.bd/student-login>

Mesbah Uddin

(মেজবাহ উদ্দিন) 14.8.24

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।

ফোন : ০২-৯৯৬৬৯১৫১৭

ই-মেইল : controller@nu.ac.bd